উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র



# উপজেলা পরিষদ

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
www.kotalipara.gopalganj.gov.bd

## কোটালীপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| ভাপতি | : | বিমল কৃষ্ণ বিশ্বাস<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া. গোপালগঞ্জ। |
| ন | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, কোটালীপাড়া, গোপালগঞ্জ। |
| ার তারিখ ও সময় | : | ০৯/১২/২০২১ খিঃ, দুপুর ১২.৩০ ঘটিকা |
| স্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট-ক, অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-খ। |

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, টালীপাড়া সভা পরিচালনা করেন এবং আলোচ্য সূচীর আলোকে নিম্নরূপ আলোচণা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

লোচ্যসূচী-০১ : বিগত সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন ঃ
লোচনা ঃ বিগত ১১/১১/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ ও পর্যালোচনা করা হয়।
ান্ত ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও পর্যালোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

লোচ্যসূচী-০২ : বিভাগীয় উন্নয়নমূলক কার্যক্রম পর্যালোচনা :

০১। স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
ান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রম আরও সুন্দর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। কৃষি বিভাগ :

উপজেলা কৃষি কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
ান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি কর্মকর্তা, বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

০৩। উপজেলা প্রকৌশল (এলজিইডি) অধিদপ্তর :

জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ) ঃ

(ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইতোপূর্বে উপজেলা পরিষদের ৩১/০১/২০১৯ তারিখের সমন্বয় সভায় উপজেলা ষদের ৬৯নং মোক্ষকোটালী মৌজার সহকারী কমিশনার (ভূমি), কোটালীপাড়া এর পুরাতন ভবনটি নির্ধারণ করা হয়। উক্ত ভূমি সের জরাজীর্ণ ভবনটি নিলামের জন্য উপজেলা প্রকৌশলী একটি প্রাক্কলন প্রস্তুত করেন। উক্ত প্রাক্কলন মূল্য=৭৯,৫১০/-(উনআশি ার পাঁচশত দশ)টাকা। উক্ত ভবনটি নিলামসহ মডেল মসজিদ নির্মানের ঠিকাদারকে দ্রুত কাজটি বাস্তবায়নের বিষয় সভায় বিস্তারিত লোচনা করা হয়।

ান্ত ঃ এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ৬৯ নং মোক্ষকোটালী মৌজার পুরাতান ভবনটি নিলামের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করা হয় এবং মডেল মসজিদ নির্মানের ঠিকাদারকে তাগিদপত্র প্রেরণসহ যাবতীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হয়।

০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ বিষয় সভায় রিত আলোচনা করা হয়।

ান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য অনুরোধ করা হয়।

০৫। উপজেলা সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ বিষয় সভায় রিত আলোচনা করা হয়।
ান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য অনুরোধ করা হয়।

০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ :

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
ান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে কার্যক্রম আরও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। উপজেলা বন বিভাগ :

(ক) উপজেলা বন কর্মকর্তার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।
ান্ত : বিস্তারিত আলোচনান্তে বর্তমানের নার্সারীর উত্তর পাশে খালের উত্তরপাড় জায়গা নির্বাচনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

০৮। উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য):

উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)কে তার কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০৯। অন্যান্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা মহিলা বিষয়ক বিভাগ, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক বিভাগ, উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ) অফিসার, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, বিএডিসি বিভাগ,, কোটালীপাড়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উক্ত কর্মকর্তাদের দপ্তরের কার্যক্রম আরও সুন্দরভাবে চালিয়ে যাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.১০। অন্যান্য আলোচনা :

উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১সাল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে এক নাঠ্য অনুষ্ঠানসুচী করা প্রয়োজন। জন্মশতবার্ষিকী পালন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী সকলের উদেশ্যে শপথ বাক্য পাঠ করাবেন মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত অনুষ্ঠান পরিচালনা করতে কোন বরাদ্দ প্রদান করা হয় নাই। এ বিষয় উপজেলা প্রকৌশলী বলেন যে, উক্ত অনুষ্ঠান পরিচালনা করতে আনুমানিক ১.০০(এক লক্ষ) টাকা ব্যয় হতে পারে যা উপজেলা রাজস্ব তহবিল হতে স্থানীয় সরকার বিভাগের অনুমতিক্রমে ব্যয় করা যেতে পারে। চেয়ারম্যান, আমতলী ইউপি সভায় জানান যে, উপজেলা পরিষদের নিচ তলার পূর্বপার্শ্বে দুটি রুমের জায়গা পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। যা নির্মান করে পরিষদের অফিস কক্ষ সম্প্রসারণ করা যেতে পারে। এ বিষয় উপজেলা প্রকৌশলী বলেন যে, রুম দুটি নির্মান করতে আনুমানিক ৪.০০(চার লক্ষ) টাকা প্রয়োজন। উক্ত কাজ বাস্তবায়ন করতে উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় করত হবে। তাই স্থানীয় সরকার বিভাগ হতে ৫.০০(পাঁচ লক্ষ) টাকা ব্যয় করার অনুমোদন প্রয়োজন। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মুজিব জন্মশতবর্ষ পালন উপলক্ষে সকল প্রকার কার্যক্রম পরিচালনা করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদের নিচতলার দুটি রুম নির্মান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত অনুষ্ঠান পরিচালনা করতে এবং অফিস কক্ষ নির্মান করতে স্থানীয় সরকার বিভাগ, এর যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে রাজস্ব তহবিল হতে ৫.০০(পাঁচ লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

২.১১। উপজেলা রাজস্ব তহবিল ব্যয় সংক্রান্ত :

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিমল কৃষ্ণ বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কোটালীপাড়া
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন: ৬৬৫১২৭০, ফ্যাক্স: ৬৬৫১৩৫৭।

স্মারক নং-০৫.৩০.৩৫৫১.০০.০০.০০১.২০২১- ১০৫১(১)

তারিখ : ০৯/১২/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।
৫। উপজেলা ..........................................................কর্মকর্তা, কোটালীপাড়া।
৬। চেয়ারম্যান, ........................................................ ইউপি, কোটালীপাড়া।
৭। জনাব ........................................................................

(ফেরদৌস ওয়াহিদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কোটালীপাড়া, গোপালগঞ্জ।